



HM Government



আপনি হাসপাতাল ছেড়ে যাচ্ছেন: ঘরে ফেরা



আপনি কেন হাসপাতাল ছেড়ে যাচ্ছেন এবং পরবর্তীতে আপনি কী কী প্রত্যাশা করতে পারেন সে বিষয়ে এই লিফলেটে ব্যাখ্যা করা হয়েছে।

আমি কেন হাসপাতাল ছেড়ে যাচ্ছি?

আপনার কেয়ারিং টিম সম্মতি প্রকাশ করেছে যে আপনার আর হাসপাতালের চিকিৎসা বা যত্নের প্রয়োজন নেই এবং সুস্থ হয়ে ওঠার জন্য আপনার ঘরে ফিরে যাওয়াই নিরাপদ।

আমি কেন হাসপাতালে থাকতে পারব না?

আপনার আর হাসপাতালের সহায়তার প্রয়োজন না হলে, হাসপাতালের বাইরে থেকেই সুস্থ হয়ে ওঠা আপনার জন্য ভালো হবে। প্রয়োজনের থেকে বেশি হাসপাতালে থাকার ফলে সেটি আপনার স্বাধীনতা হ্রাস করতে পারে, যার ফলে আপনার পেশীর শক্তি কমে যেতে পারে বা আপনি সংক্রমণের শিকার হতে পারেন। সময়মত হাসপাতাল ছেড়ে যাওয়া শুধু আপনার জন্যই ভালো নয়, আপনার ভালোর পাশাপাশি কোনো একজন অসুস্থ ব্যক্তির জন্য একটি বেড ফাঁকা হয়ে যাবে।

সঠিক সময়ে সঠিক স্থানে থেকে সর্বোত্তমভাবে আপনার সুস্থ হয়ে ওঠাই আমাদের মূল উদ্দেশ্য। আপনার জন্য এখন সবথেকে ভালো জায়গাটি হচ্ছে আপনার ঘর, যেখানে আপনি একটি পরিচিত পরিবেশে সুস্থ হয়ে উঠতে পারবেন।

আমি কী প্রত্যাশা করতে পারি?

যাতায়াত এবং অন্যান্য বিষয়াদি নিয়ে আপনার কেয়ারিং টিম আপনার সাথে (এবং আপনার কেয়ারার, পরিবার এবং/অথবা বন্ধুবান্ধবদের সাথে যদি আপনি চান) আলোচনা করবে। আপনার যদি করোনাভাইরাস হয়ে থাকে, তাহলে আপনাকে প্রাসঙ্গিক পরামর্শ প্রদান করা হবে।

আপনি যখন হাসপাতালে এসেছিলেন তখনকার চেয়ে যদি এখন আপনার আরো বেশি যত্ন ও সহায়তার প্রয়োজন হয়, তাহলে ডিসচার্জের পরে আপনি কীভাবে সেই যত্ন ও সহায়তা পাবেন তার বিকল্পগুলো নিয়ে আপনার পরিচর্যাকারী টিম আলোচনা করবে। কোনো দীর্ঘ মেয়াদী যত্ন ও সহায়তার ব্যবস্থার জন্য কখন আপনার মূল্যায়ন হওয়া উচিত টিম সেটিও আলোচনা করবে। আপনার যদি যত্ন ও সহায়তার প্রয়োজন হয়, তাহলে সেটির খরচ আপনাকে বহন করতে হতে পারে।

আমি কার সঙ্গে যোগাযোগ করতে পারি?



হাসপাতাল ছেড়ে যাবার পর, আপনার যিড কারো সাথে কথা বলার প্রয়োজন হলে, [insert locally as appropriate](#) অনুরোধ করে [contact details](#) করুন: